

হায়দ্রাবাদ

মোঘল সাম্রাজ্য ও তাঁর রাষ্ট্রীয় কাঠামোর ধ্বংস স্তূপের ওপর একাধিক স্বাধীন ও অর্ধ স্বাধীন রাজ্যের উদ্ভব হয়, যথা- হায়দ্রাবাদ, মহিশূর, অযোধ্যা, মারাঠা ও বাংলাদেশ।

১৭২৪ সালে নিজাম-মূল মূলক আসফ জাহ্ হায়দ্রাবাদ রাজ্যের প্রতিষ্ঠা করেন। ঔরঙ্গজেবের পর মোঘল দরবারে তথা মোঘল সাম্রাজ্যের নিজাম-উল-মূলক ছিলেন এক অন্যতম ক্ষমতা সম্পন্ন অভিজাত। সৈয়দ ভ্রাতাদের প্রতিপত্তির বিরুদ্ধে তিনি সোচ্চার হয়েছিলেন। শেষ পর্যন্ত তাঁর প্রচেষ্টায় তাঁদের পতন হয়। পুরস্কার স্বরূপ মোঘল সম্রাট মোঘল সাম্রাজ্যের উজির পদে নিযুক্ত থাকেন। কিন্তু শীঘ্রই সম্রাটের সঙ্গে তাঁর মতান্তর ঘটে। তিনি প্রয়োজনীয় সংস্কার প্রবর্তন করে প্রশাসনকে শক্তিশালী করে তুলতে প্রয়াসী হলে সম্রাট বাধার সৃষ্টি করেন। সম্রাট ও দরবারের দুর্নীতিগ্রস্ত অভিজাতদের বিরোধিতায় অতিষ্ঠ হয়ে নিজাম মূল মূলক মোঘল দরবার পরিত্যাগ করেন। ১৭২৪ সালে উজিরের পদ থেকে ইস্তফা দিয়ে দাক্ষিণাত্যে চলে যান ও হায়দ্রাবাদ রাজ্যের প্রতিষ্ঠা করেন। যদিও তিনি দিল্লীর কেন্দ্রীয় শাসন থেকে মুক্ত হয়ে স্বাধীনতা ঘোষণা করেন নি। কিন্তু তিনি প্রকৃত স্বাধীন নৃপতির ভূমিকা গ্রহণ করেন। দিল্লীর অনুমতি ছাড়া তিনি যুদ্ধ বিগ্রহ ও সন্ধি চুক্তি সম্পাদন এবং কর্মচারী ও অভিজাতদের জায়গীর বিতরণ করে যেতে থাকেন। তিনি হিন্দুদের প্রতি ধর্ম সহিষ্ণুতার নীতি গ্রহণ করেন এবং যোগ্যতাসম্পন্ন হিন্দুদের উচ্চ রাজপদে নিযুক্ত করেন। তাঁর দেওয়ান ছিলেন পূরণ চাঁদ। তিনি কঠোর হাতে বিদ্রোহী জমিদারদের দমন করেন এবং মারাঠাদের বিরুদ্ধে কঠোর প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলেন। তিনি প্রয়োজনীয় রাজস্ব সংস্কার করে রাজ্যের অর্থনৈতিক অবস্থা পুনরুজ্জীবিত করে তোলেন। কিন্তু ১৭৪৮ সালে তাঁর মৃত্যু হলে বিচ্ছিন্নতাবাদী শক্তিগুলি সক্রিয় হয়ে ওঠে।

Hyderabad:

After the death of Aurangzeb the Mughal empire became very weak. Taking the opportunities of this crisis many independent states came into being. Those were Hyderabad, Mysore, Oudh, Maratha and Bengal.

During that time Nizam ul Mulk Asaf Jah established the state of Hyderabad in 1724. After Aurangzeb's death he was one of the powerful aristocracies in the Mughal court. He made protest against the Sayed brothers' malicious activities and killed them. Then the Mughal Emperor made him Uzir in the Mughal as a gratitude. Nevertheless, soon he had a conflict of opinion with Emperor as he wanted to introduce some reforms in the court which the Emperor did not like.. He was disgusted of the rival and corrupted aristocracies in the court. Thereafter,

he resigned from the post of Uzir and went to the Deccan where he established the state of Hyderabad in 1724. Although he did not declare independence from the Mughal court but he was ruling Hyderabad independently. He declared war and signed treaty without the consent of the Mughal Emperor. He distributed jagir to the aristocracies and employees independently. He had taken tolerant policy towards Hindus so he appointed Purn Chand as his diwan. He suppressed zamindars and opposed Marathas. He restored economic condition of the state by introducing reforms. Albeit, the separatist forces started growing after his death in 1748.